ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)’র তত্বাবধানে শনিবার সকালে শহরের ফুড সাফারি মিলানয়তনে এ কর্মশালার আয়োজন করে ডাচ্ বাংলা ব্যাংক।

ডাচ্ বাংলা ব্যাংক’র ক্যামেলকো ও ডেপুটি ম্যানেজি ডিরেক্টর মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন’র সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিএফআইইউ’র অতিরিক্ত পরিচালক মাসুদ রানা। বক্তব্য রাখেন বিএফআইইউ’র যুগ্ম পরিচালক আল আমীন রিয়াদ ও এফ এম সালেহ উদ্দিন, ডাচ্ বাংলা ব্যাংক ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক সাইদুর রহমান।

কর্মশালায় জেলায় অবস্থিত ২৯ টি ব্যাংকের ৬৫ জন কর্মকর্তা অংশ নেয়। দিনব্যাপী কর্মশালায় অংশ নেয়া কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে জ্ঞান অর্জন ও নিজ নিজ কর্মক্ষেত্রে তার প্রয়োগের জন্য নানা প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

মিরপুরে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার মিরপুরে গলায় ওড়না প্যাঁচানো অবস্থায় শিউলি খাতুন
(২৬) নামের এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য তাঁর স্বামী পল্লি চিকিৎসক আলামিনকে আটক করা হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৩টার দিকে আল আমিনের মালিকানাধীন স্থানীয় হালসা ক্লিনিকের বাসা থেকে লাশ উদ্ধার করে পুলিশ। পরে সুরতহাল প্রতিবেদন তৈরির পর ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে লাশ পাঠানো হয়।

স্বজনদের অভিযোগ বিষয়টি আত্মহত্যা বলে চালিয়ে দিতে, শিউলিকে নির্যাতন করে হত্যার পর ফ্যানের সঙ্গে ঝুলিয়ে রাখা হয়েছে। শিউলি খাতুন উপজেলার আমবাড়ীয়া ইউনিয়নের শাকদহচর গ্রামের আসাদুলের মেয়ে এবং একই এলাকার পল্লি চিকিৎসক আলামিনের চতুর্থ স্ত্রী।

শিউলির চাচা সাইদুল ইসলাম বলেন, কয়েক বছর আগে প্রবাসী এক ছেলের সঙ্গে শিউলির বিয়ে হয়। সেই ছেলে বিদেশে থাকায় শিউলির সঙ্গে আল আমিনের ঘনিষ্ঠতা হয়। একপর্যায়ে তাঁরা বিয়ে করেন। বিয়ের পর শিউলি জানতে পারেন আল আমিনের আরও ৩ জন স্ত্রী রয়েছে। এ নিয়ে তাদের মধ্যে প্রায়ই ঝগড়া হতো। মাঝে মধ্যে আল আমিন শিউলিকে মারধরও করত।

শিউলির চাচাতো ভাই রনি বলেন, ‘গত রাত ২টার দিকে আল আমিন ফোন দিয়ে জানান শিউলি আত্মহত্যা করেছে। এরপর আমরা আল আমিনের বাসায় গিয়ে দেখতে পাই ফ্যানের সঙ্গে ঝুলে আছে শিউলির লাশ। গলায় ওড়না প্যাঁচানো, তবে তাঁর পা খাটের সঙ্গে লেগে আছে। এভাবে কেউ আত্মহত্যা করে না। সন্দেহ হলে পুলিশকে খবর দিই।’

এ নিয়ে জানতে চাইলে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদ হাসান বলেন, ‘আত্মহত্যার বিষয়টি সন্দেহজনক। তাই আমরা শিউলির স্বামী আল আমিনকে আটক করেছি। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সেই সঙ্গে থানায় তাঁর বিরুদ্ধে আত্মহত্যার প্ররোচনার মামলার প্রস্তুতি চলছে।’

মিরপুরে ট্রেনে কাটা পড়ে এনজিও কর্মকর্তা নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে হুমায়ুন কবির (৪৪) নামে এক এনজিও কর্মকর্তা নিহত হয়েছে।

শনিবার (২৯অক্টোবর) দুপুরের দিকে মিরপুর আদর্শপাড়া সংলগ্ন ১৭৮-২নং পিলার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের (জিআরপি) ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনজের আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত হুমায়ুন কবির মিরপুর পৌরসভার ১নং ওয়ার্ড সুলতানপুর গ্রামের মৃত আবু তালেবের ছেলে। তিনি আশা এনজিও সংস্থায় ম্যানেজার পদে কর্মরত ছিলেন।

ঘটনাস্থলে দায়িত্বরত পুলিশের উপপরিদর্শক (এসআই) সোমেন জানান, সকাল সাড়ে ১১টার দিকে খুলনা থেকে চিলাহাটিগামী আন্তঃনগর রুপসা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে হুমায়ুন কবির নামে এক ব্যক্তি ঘটনাস্থলেই নিহত হয়েছেন। খবর পেয়ে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।

তিনি আরও জানান, মৃত্যুর কারণ সম্পর্কে এখনো কিছু জানা যায়নি। ময়নাতদন্ত রিপোর্ট পেলে মৃত্যুর কারণ জানা যাবে।

যাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান টিপু আর নেই

মেহেরপুর সদর উপজেলার যাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান টিপু হৃদরোগে আ্ক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শনিবার বিকাল ৩টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। এর আগে তার নিজ গ্রাম মুজিবনগরের গোপালপুরে তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

মোস্তাফিজুর রহমান টিপু মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক

সহসভাপতি প্রয়াত আব্দুল মান্নান মাস্টারের ছেলে।

এদিকে শহরের কাসারীপাড়াস্ত বাসভবেন তার মরদেহ নেওয়া হয়েছে। বিকালে নিজ গ্রাম গোপালপুরে নেওয়া হবে।

তাঁর এ অকাল মৃত্যুতে শোক জানিয়ে সমবেদনা জ্ঞাপন করেছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

মেহেরপুরে টি-টোয়েন্টি ক্রিকেটে ইয়াং টাইগার্স ক্রিকেট একাডেমি জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় মেহেরপুর জেলা ক্রীড়া অফিস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে ইয়াং টাইগার্স ক্রিকেট একাডেমি জয়লাভ করেছে।

শুক্রবার মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত খেলায় ইয়াং টাইগার ক্রিকেট একাডেমি ১২২ রানের বিশাল ব্যবধানে জোরপুকুরিয়া ক্রিকেট একাডেমীকে পরাজিত করে।

টস জিতে প্রথমে ব্যাট করতে নেমে ইয়াং টাইগার্স ক্রিকেট একাডেমি ২০ ওভারে ৩ উইকেট হারিয়ে ১৮১ রান সংগ্রহ করে। দলের পক্ষে শ্রাবণ সর্বোচ্চ ৬৩ রান করেন। জবাবে খেলতে নেমে জোরপুকুরিয়া ক্রিকেট একাডেমী ১৩ ওভারে মাত্র ৫৯ রান করে সকলে আউট হয়ে যায়। ইয়ং টাইগার্স এর পক্ষে লিটিল ৫টি উইকেট লাভ করে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয়।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

২ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী হায়াত আলী (৩৫) কে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) একটি টিম।

আটক হায়াত আলী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা গ্রামের হিসাব আলীর ছেলে।
শুক্রবার দুপুরে ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডলের নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার এসআই শাহিনুর রহমান এসআই হেলাল সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর বুড়িপোতা সড়কে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করেন।

ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডল বলেন মেহেরপুর-বুড়িপোতা রাস্তায় মোদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অবস্থান নেয়া হয়। এসময় ইজিবাইকে মাদক ব্যবসায়ী হায়াত আলী যাচ্ছিল। এসময় ওই ইজিবাইকটি তল্লাশী করার সময় সে পালানোর চেষ্টা করে। এসময় তাকে আটক করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশ বাদী হয়ে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে থানায় সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে নাট্যকর্মী আবু হানিফ এর মাগফিরাত কামনায় আলোচনা ও দোয়া

গাংনীতে বিশিষ্ট সমাজ সেবক, নাট্যকর্মী, প্রিয়ভাজন মরহুম আবু হানিফসহ প্রয়াত সকল সহকর্মীদের আত্মার মাগফিরাত কামনায় আলোচনা সভা ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

‘সীমান্ত অপেরা’ গাংনীর আয়োজনে মরহুমের আত্মজীবনী তুলে ধরে

স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকালে সীমান্ত অপেরার নিজস্ব কার্যালয় গাংনী কাঁচা বাজার (আড়ত) মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র নবীরউদ্দীনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

তিনি বলেন, মরহুম আবু হানিফ গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাঁড়াবাড়ীয়া গ্রামের একজন সফল মেম্বর ছিলেন। তিনি একজন সফল নাট্যকর্মী ও নীতিগতভাবে আদর্শ মানুষ ছিলেন। তার অকাল মৃত্যুতে মেহেরপুরের সাংস্কুতিক অঙ্গনে একজন গুনী শিল্পীর শুন্যতা দেখা দিয়েছে। তিনি তার আত্মার মাগফেরাত কামনা করেন।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে ছিলেন, সীমান্ত অপেরার পরিচালক ও স্বত্বাধিকারী আব্দুর রাজ্জাক। এসময় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারন সম্পাদক ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক সাইদুর রহমান।

সীমান্ত অপেরার উপদেষ্টা সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন নাট্যকর্মী আকবর আলী। এ সময় অন্যান্যদের মধ্যে স্মৃতিচারণ করেন, ঠান্ডু ডাক্তার, মেহেরপুরের স্বনামধন্য অভিনেতা মীর ফারুক হোসেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক আসিফ ইকবাল অনিক প্রমুখ। স্মৃতিচারণ করতে সকলেই আবেগ আপ্লুত ও অশ্রæসজল হয়ে পড়েন।

অনুষ্ঠানে সীমান্ত অপেরার সাধারন সম্পাদক আলী আজগরসহ মেহেরপুর সদর উপজেলার উজলপুরের গিয়াসউদ্দীন, কামাল হোসেন, রবিউল ইসলাম, আমঝুপির আব্দুল জলিলসহ মরহুম আবু হানিফ এর পরিবার পরিজন উপস্থিত ছিলেন।আলোচনা শেষে প্রধান অতিথি বাংলাদেশ যাত্রা উন্নয়ন পরিষদ থেকে প্রাপ্ত কৃতি অভিনেতাদের পরিচয় পত্র প্রদান করেন।
আলোচনা শেষে বিশেষ দোয়া মাহফিল পরিচালনা করেন, গাংনী পাইলট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মাওলানা আবু জাফর।

অনুষ্ঠানে মরহুম আবু হানিফের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় সকলের দোয়া কামনা করা হয় এবং মরহুমের বিদগ্ধ শোক সন্তপ্ত পরিবারের সকলের জন্য সমবেদনা জ্ঞাপন করা হয়। পরে সকলের জন্য তাবারকের ব্যবস্থা করা হয়।

বামন্দী পুলিশ ক্যাম্পের অভিযানে সাত জুয়াড়ী আটক

গাংনীতে অভিযান চালিয়ে ৭ জুয়াড়ীকে আটক করেছে বামন্দী পুলিশ ফাড়ির সদস্যরা।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা গাংনী উপজেলার নওদা-মটমুড়া গ্রামে জুয়ার আসরে অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে নগদ ১২ হাজার ৩৬০ টাকা ও জুয়া খেলার তাস উদ্ধার করা হয়েছে।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইসরাফিল জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার মুটমুড়া ইউনিয়নের নওদা মটমুড়া গ্রামের একটি রাইসমিলের মধ্যে জুয়া খেলা হচ্ছে। সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে জুয়া খেলার সময় ৭ জনকে আটক করা হয়েছে।

আটক কৃতরা হলো, গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের মুনছুর আলীর ছেলে মুনতাজ আলী, কালি গাংনীর আবুল কাশেমের ছেলে মানিক হোসেন, রামনগর গ্রামের আজমত আলীর ছেলে হাফিজুর রহমান, গাংনী বাজার পাড়ার আব্দুর রাজ্জাকের ছেলে বাদশা, রামনগর গ্রামের খেজমত আলীর ছেলে আশাদুল হক, চরগোয়াল গ্রামের সামছদ্দিন মন্ডলের ছেলে ইনজাল হোসেন ও সদর উপজেলার মদনা গ্রামের আবুল হোসেনের ছেলে জাফর আলী। আটক কৃতদের বিরুদ্ধে মামলা শেষে আদালতে প্রেরন করা হবে।

গ্রাম বাংলার আবহমান চিরায়ত

রুপ কাঠের লাঙ্গল, জোয়াল ও গরুর হাল চাষ

গ্রাম-গঞ্জের সেই লাঙ্গল, মই আর গরুর হাল চাষ চোখে পড়েনা।কৃষকের মুখের ডা ডা ভোড় ভোড় হাক ডাকও এখন আর কৃষি মাঠে শোনা যায়না। আধুনিক চাষাবাদ পদ্ধতিতে ছন্দপতন হারিয়েছে সনাতন চাষ পদ্ধতি।

অথচ, এক সময়ে লাল সবুজের এই অবহমান গ্রাম বাংলার চিরায়ত রুপ ছিলো লাঙ্গল জোঁয়াল মই আর গরু নিয়ে মাঠে যাওয়ার দৃশ্য।

এখন বিজ্ঞান ও প্রযুক্তির প্রসারে কৃষি মাঠ থেকে হারিয়ে যাচ্ছে গরু, লাঙ্গল,জোয়াল ও মই।

কৃষি, মৎস্যসহ নানা রকম ফসল উৎপাদনে অন্যতম জেলা মেহেরপুর। তারই ধারা বাহিকতায় মেহেরপুর কৃষি মাঠের দিকে তাকালেই দেখা যেত সারি বেঁধে লাঙ্গল, জোয়াল আর গরু দিয়ে জমি চাষ করার দৃশ্য।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সাথে সাথে আধুনিকতার স্পর্শে বিজ্ঞানের নতুন নতুন আবিস্কারের ফলে কৃষকদের জীবনে এসেছে নানা পরিবর্তন। আর সেই পরিবর্তনের ছোঁয়া লেগেছে কৃষি মাঠে। ফলে কৃষি মাঠ থেকে কৃষকের সেই ভাটিয়ালি গান লাঙ্গল ও গরু দিয়ে জমি চাষ করতে দেখা যায় না কৃষকদের। কৃষি প্রধান দেশ বাংলাদেশ হাজার বছরের ইতিহাসের সঙ্গে জড়িয়ে থাকা লাঙ্গল জোয়াল, চিরায়ত বাংলার অপরুপের সন্ধান করতে গেলে কৃষি উপকরণ লাঙ্গল, জোয়াল, মইসহ হালের গরুর কথা অবশ্যই আসবে।

গরু ও লাঙ্গলের জায়গা দখল করে নিয়েছে আধুনিকতার যন্ত্র ট্রাক্টর ও পাওয়ার টিলার। এক সময়ে দেশে কৃষক বানিজ্যিকভাবে গরু পালন করতো হাল চাষ ও মোটাতাজা করার জন্য। তারা নিজের জমি ও অন্যের জমি চাষ করে সংসারের ব্যয়ভার বহন করত। আর হালের গরু দিয়ে জমি চাষ করে ফিরে পেত তাদের পরিবারের স্বচ্ছলতা। আধুনিক যন্ত্র কৃষি মাঠ দখল করায় গরু দিয়ে চাষাবাদ বন্ধ করে বেছে নিয়েছে অন্য পেশা।

দেশের ঐতিহ্য গরুর গাড়ি ও লাঙ্গল দিয়ে হালচাষ আজ বিলুপ্তির পথে। বাংলার ঐতিহ্য ধরে রাখতে ২/১ জন কৃষক এখনও লাঙ্গল ও গরু দিয়ে হালচাষ করছে।

মেহেরপুর সদর উপজেলার বেলতলাপাড়া এলাকার কৃষক ইছাহাক আলী বলেন, এটা আমার বাপ দাদার ঐতিহ্য। গরু আর লাঙ্গল মই আমার সাত পুরুষের যন্ত্র। বংস পরম্পরায় আমরা গরু আর কাঠের লাঙল দিয়ে হাল চাষ করে আসছি। এখনও আমি লাঙল দিয়ে চাষ করি। নিজের জমি নিজেই চাষ করে আসছি। হাল চাষের জন্য ১ জোড়া বলদ পালন করি।কাঠ, লোহার ফাল দিয়ে লাঙ্গল, বাঁশ দিয়ে জোয়াল, মই, লড়ি ও গরুর মুখের টানা ব্যবহার হতো।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন বলেন, সরকার কৃষি মাঠকে যান্ত্রিকরণ করেছে। এতে উৎপাদন খরচ কমেছে এবং কৃষক লাভবান হচ্ছে। যার ফলে লাঙ্গল ও গরু দিয়ে হালচাষ কৃষি মাঠ থেকে বিলুপ্ত প্রায়।

মেহেরপুরে পায়রা’র উদ্যোগে হতদরিদ্র নারীদের মাঝে সেলাই মেসিন বিতরণ

একটা সেলাই মেসিন আমার জীবনের গতি পাল্টে দেবে। অন্যের কাছে হাত পেতে নয়, নিজের পায়ে দাড়িয়ে এখন সংসার চালাবো। আমি দর্জির কাজ করে আমার সংসারের উন্নয়ন করবো।

পায়রা সংস্থার কাছ থেকে সেলাই মেসিন নিয়ে এভাবেই তার অবেগভরা কথাগুলো বললেন হতদরিদ্র কাজল রেখা বলেন।
আন্তর্জাতিক দাতা সংস্থা শারজাহ’র অর্থায়নে স্থানীয় এনজিও সংস্থা পায়রা এলাকার বিভিন্ন অসহায় দরিদ্র নারীদের মাঝে সেলাই মেসিন বিতরণ অব্যাহত রেখেছে।

গতকাল বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুরের দিকে সদর উপজেলার আমঝুপি গ্রামের মুশিরুল ইসলামের স্ত্রী মৃত কাজল রেখা, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার মৃত সিরাজুল ইসলামের স্ত্রী মোছা: আরিফা খাতুন, শেখপাড়া এলাকার সাইফ হোসেনের স্ত্রী সায়লা খাতুনকে সেলাই মেসিন প্রদান করে।

এসময় উপস্থিত ছিলেন, পায়রা সংস্থার সমন্বয়কারী মোস্তাফিজুর রহমান চন্দন, নির্বাহী সদস্য বিল্লাল হোসেন।

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও পায়রা সংস্থার উপদেষ্টা এএসএম ইমনের পৃষ্টপোষকতায় মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার অসহায় মানুষদের মাঝে সংস্থাটি ১ হাজার টিউবওয়েল ও সেলাই মেশিন বিতরণ অব্যাহত রেখেছে।